উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা-তাহিরপুর, জেলা-সুনামগঞ্জ

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, তাহিরপুর, সুনামগঞ্জ

সমন্বয়ে

ভলান্টারী এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ভার্ড)

আগষ্ট ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা
তাহিরপুর উপজেলা
২০১৪

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
তাহিরপুর উপজেলা
জেলাঃ সুনামগঞ্জ

বাণী

ভাটির দেশ হিসেবে সুনামগঞ্জ জেলাটি সর্বত্র পরিচিত। 'মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। প্রাচীন কালীধর সাগর নামে পরিচিত হাওড়বেষ্টিত সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ খরা, কালবৈশাখী ঝড়, মৌসুমী বন্যা ইত্যাদি।

ভার্ড তাহিরপুর উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা অত্যন্ত বাস্তবসম্মত এবং সময়োপযোগী। এই পরিকলপনা তাহিরপুর উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

উক্ত দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি তৈরির সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করি।

কামরুজ্জামান কামরুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
ও
চেয়ারপারসন
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
তাহিরপুর, সুনামগঞ্জ

বাণী

ভৌগলিক অবস্থান ও জলবায়ুর কারণে বিশ্বের মানচিত্রে বাংলাদেশ অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কমবেশী দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সুনামগঞ্জ জেলা অন্যতম। সুনামগঞ্জ হাওরবেষ্টিত নীচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা। ভাটির দেশ হিসেবে এ জেলাটি সর্বত্র পরিচিত। 'মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ।

অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল লাউড়ের গড়ের যাদুকাটা নদী এবং মহারাম নদী নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ তাহিরপুরে আগাম বন্যার সৃষ্টি হয়। আগাম বন্যা মূলতঃ এ উপজেলায় চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে সংগঠিত হয়ে থাকে। এতে ঐ এলাকার টাংগুয়ার হাওর, মাটিয়ান হাওর এবং শনির হাওরসহ অন্যান্য হাওরের বোরো ফসল নষ্ট হয়। এছাড়া, উল্টো দিক থেকে সুরমা ও কুশিয়ারা নদী দিয়ে পানি এসেও তাহিরপুরে আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার শনির হাওরসহ অন্যান্য হাওরসহ অন্যান্য হাওরের বোরো ফসল নষ্ট হয়। এছাড়া, বালি ও পলি পড়ে নদীগুলো ভরাট হয়ে যাচ্ছে। তাই নদীগুলো ড্রেজিং এবং ফসল রক্ষা বাঁধ সংস্কার করা প্রয়োজন। এ উপজেলায় সাধারণতঃ ফাল্গুন মাসের শুরু থেকে বৈশাখ মাস পর্যন্ত খরা হয়। এতে বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। মেঘালয়ের সন্নিকটে ও হাওর অধ্যুষিত হওয়ায় এ উপজেলায় কালবৈশাখী ঝড়ের প্রকোপ বেশি। এ উপজেলায় সাধারণতঃ চৈত্র মাসের শেষ থেকে বৈশাখ মাস পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়। এর ফলে বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি এবং শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। তাহিরপুর উপজেলা ব্যাপক মাত্রায় মৌসুমী বন্যা কবলিত একটি এলাকা। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতে ও প্রাণহাণী ঘটে। তাহিরপুর প্রতিটি ইউনিয়নে প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়। এই উপজেলা প্রতিবছর দুর্যোগে পতিত হলেও উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। ভার্ড তাহিরপুর উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে এবং এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করছে জেনে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।

উক্ত দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি সংশ্লিষ্ট উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে প্রত্যন্ত গ্রাম অঞ্চলের লক্ষিত জনগোষ্ঠীর সম্পৃক্ততায় তৈরি, যার ফলে উপজেলার দূর্যোগের সঠিক চিত্র তুলে আনার চেষ্টা করা হয়েছে যা দূর্যোগ হ্রাসে বিশেষ ভূমিকা রাখবে বলে আমি আশা করছি।

দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।

খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ
ও
কো-চেয়ারপারসন
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
তাহিরপুর, সুনামগঞ্জ

বাণী

টাংগুয়ার হাওরে অফুরন্ত মৎস্য ভান্ডারে পরিপূর্ণ তাহিরপুর উপজেলাবাসী বিশাল জলরাশির মাঝে সামান্য খরকুটুকে আশ্রয় করে মানুষ যেমন নিজেকে বাঁচানোর চেষ্টা করে তেমনি তাহিরপুর উপজেলার বিভিন্ন জনপদের মানুষগুলোর স্থানীয় কৌশলকে অবলম্বন করে দূর্যোগ মোকাবিলায় জলবায়ু পরিবর্তন রোধে ইতিবাচক ভূমিকা রেখে যাচ্ছে। তাদের এই ভূমিকাকে আরো বেগবান করার জন্য ভার্ড তাহিরপুর উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে দূর্যোগের কারণে যে ক্ষতির সম্ভাবনা তার পরিমাণ অনেকাংশে কমিয়ে আনতে পারবেন বলে আমি বিশ্বাস করি। সেই কারণে উক্ত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটির গুরুত্ব অপরিসীম।

যাহোক, দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করি।

প্লাবন পাল
প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
তাহিরপুর উপজেলা
সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
তাহিরপুর, সুনামগঞ্জ

বাণী

হাওরবেষ্টিত নীচু ভূমি ও সবুজে ঘেরা মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা সুনামগঞ্জ। প্রাকৃতিক দূর্যোগের সঙ্গে সখ্যতা গড়েই এই জেলার মানুষগুলো জীবন যাত্রার মান উন্নয়নের প্রাণান্তকর চেষ্টা করে যাচ্ছে। প্রকৃতির অপরুপ সৌন্দর্যের গৌরব যেমন এই এলাকার মানুষগুলোকে আলাদাভাবে মর্যাদায় আসীন করেছে তেমনি প্রকৃতির রুঢ়তা এই জনপদের মানুষগুলোকে বারবার উন্নয়নের ধারা থেকে পিছনে ঠেলে দিয়েছে। প্রাচীন কালীধর সাগর নামে পরিচিত হাওড়বেষ্টিত সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল কালবৈশাখী ঝড়, খরা, মৌসুমী বন্যা ইত্যাদি। প্রাকৃতিক দূর্যোগ সমূহ প্রায়শই ভয়াবহ আকারে আঘাত হেনে জান-মাল ও সম্পদের ক্ষতি সাধন করে, যা শুধুমাত্র ব্যক্তি বা একটি সমাজের জনগোষ্ঠীকেই ক্ষতিগ্রস্ত করে না, জাতীয় আর্থনীতি ও সম্পদের অপূরণীয় ক্ষতি সাধন করে। দূর্যোগের ঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমিয়ে আনার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ সর্বাগ্রে প্রয়োজন একটি সঠিক পরিকল্পনা।

এরই ধারাবাহিকায় ভার্ড তাহিরপুর উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের আওতায় উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে স্থানীয় জনগোষ্ঠীকে সঙ্গে নিয়ে দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করেছে। পরিকল্পনাটিতে যেসব তথ্য বিদ্যমান সেগুলো হল স্থানীয় এলাকা পরিচিতি, দূর্যোগের ইতিহাস, জনসংখ্যা, অবকাঠামো, দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা, দুর্যোগ ঝুঁকিহ্রাস-ঝুঁকির কারণ, ঝুঁকি নিরসনের উপায়, দুর্যোগ পূর্ব প্রস্তুতি, দুর্যোগকালীন প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী প্রস্তুতি, স্বাভাবিক সময়ে করণীয়, জরুরী সারা প্রদান, উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ইত্যাদি। ইহা উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি। সেই সাথে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।

রাজিব আহমেদ
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ

সূচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	পৃষ্ঠা নং
১.১ পটভূমি	৮
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	৮
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	৮
১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান	৮
১.৩. ২ আয়তন	৯
১.৩.৩ জনসংখ্যা	১০
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য	১০
১.৪.১ অবকাঠামো	১০
১.৪.২ সামাজিক সম্পদ	১১
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	১৩
১.৪.৪ অন্যান্য	১৩

দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	১৬
২.২ উপজেলার আপদসমুহ	১৭
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বর্ননা	১৮
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	২৬
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	২৭
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ	২৭
২.৭ সামাজিক মানচিত্র	২৮
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	২৮
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	২৯
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৩১
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৩৩
২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৩৩
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৩৬

তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৪৩
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৪৩
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৪৫
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৪৬
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৪৬
৩.৪.২ দুর্যোগ কালীন	৫৬
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৫৮
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৫৯

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৬১
৪.১.১ জরুরী কন্ট্রোল রুম পরিচালনা	৬১
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৬২
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৬৩
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৬৩
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৬৩
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান	৬৩
৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন	৬৪
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৬৪
৪.২.৭ দুর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ	৬৪
৪.২.৮ ত্রাণ কার্যক্রম সমন্বয় করা	৬৪

৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৬৪
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৬৪
৪.২.১১ মহড়ার আয়োজন করা ৬৫
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা ৬৫
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থানসমুহ ৬৫
৪.৩ উপজেলার নিরাপদ স্থানসমুহের তালিকা ও বর্ননা ৬৫
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৬৫
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৬৬
৪.৬ অর্থায়ন ৬৮
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ৭০

পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ৭২
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার ৭৯
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ৭৯
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ৭৯
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ৭৯
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ৭৯
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেকলিষ্ট ৮০
সংযুক্তি ২ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ৮১
সংযুক্তি ৩ ইউনিয়ন স্বেচ্ছাসেবকদের তালিকা ৮২
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ৮৯
সংযুক্তি ৫ এক নজরে উপজেলা ৯১
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সূচী ৯২
সংযুক্তি ৭ সামাজিক মানচিত্র ৯৩
সংযুক্তি ৮ ঝুঁকি মানচিত্র ৯৪
সংযুক্তি ৯ নিরাপদ মানচিত্র ৯৫
সংযুক্তি ১০ হাটবাজারের তালিকা ৯৬
সংযুক্তি ১১ স্কুল, কলেজ ও মাদ্রাসার তালিকা ৯৭
সংযুক্তি ১২ স্বাস্থ্য সেবাকেন্দ্রের তালিকা ১০২
সংযুক্তি ১৩ বিলের তালিকা ১০৩
সংযুক্তি ১৪ বিভিন্ন পেশাজীবী সমবায় সমিতির তালিকা ১০৭
সংযুক্তি ১৫ উপজেলার জনপ্রতিধিদের তালিকা ১১০
সংযুক্তি ১৬ ওয়ার্ডভিত্তিক ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা ১১১
সংযুক্তি ১৭ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালার প্রতিবেদন ১১২
সংযুক্তি ১৮ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বৈধকরণ সভার প্রতিবেদন ১১৬

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও আপদকালীন পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারিতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠান ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হয়েছে।

ভৌগলিক অবস্থান ও জলবায়ুর কারণে বিশ্বের মানচিত্রে বাংলাদেশ অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কমবেশী দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সুনামগঞ্জ জেলা অন্যতম। সুনামগঞ্জ হাওরবেষ্টিত নীচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা। ভাটির দেশ হিসেবে এ জেলাটি সর্বত্র পরিচিত। 'মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ।
আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল আগাম বন্যা, কালবৈশাখী ঝড়, খরা ইত্যাদি। অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল বাদঘাট ইউনিয়নের জাদুকাটা নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ তাহিরপুর আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার মাটিয়ান হাওর, টাংগুয়ার হাওর এবং শনির হাওরের বোরো ফসল নষ্ট হয়। এজন্য ফসল রক্ষা বাঁধ সংস্কার করা প্রয়োজন। তাহিরপুর উপজেলা ব্যাপক মাত্রায় মৌসুমী বন্যা কবলিত একটি এলাকা। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে ভাদ্র মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতেও প্রাণহাণী ঘটে। এ উপজেলায় সাধারণতঃ চৈত্র মাসের শেষ থেকে বৈশাখ মাস পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়। এর ফলে বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি এবং শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয়, নৌকা ও লঞ্চডুবি হয়ে জানমালের ক্ষতি হয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় প্রতি বছর কালবৈশাখী ঝড় হলেও ২০০৯, ২০১০ এবং ২০১১ সালের কালবৈশাখী ঝড় ছিল সবচেয়ে ব্যাপক। এ উপজেলায় সাধারণতঃ ফাল্গুন মাসের শুরু থেকে বৈশাখ মাস পর্যন্ত খরা হয়। বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় ২০০১ ও ২০১৩ সালে খরা দেখা যায়। তাহিরপুরের প্রতিটি ইউনিয়নে প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়। এই উপজেলা প্রতিবছর দুর্যোগে পতিত হলেও উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি তাহিরপুর উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন পরিষদ, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ এবং ত্রাণ ও তাৎক্ষণিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা ও নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরি করা।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারি, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

১.৩.১. জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান:

তাহরিপুর উপজেলাটি বাংলাদেশের উত্তর-পূর্বে অবস্থিত সিলেট বিভাগের অন্তর্গত হাওরবেষ্টিত সুনামগঞ্জ জেলায় অবস্থিত । এর উত্তরে ভারতের মেঘালয়, উত্তর-পশ্চিমে মধ্যনগর ইউনিয়ন, দক্ষিণে জামালগঞ্জ উপজেলা, পূর্বে বিশ্বম্ভরপুর এবং পশ্চিমে ধর্মপাশা উপজেলা অবস্থিত। সিলেট বিভাগীয় শহর হতে সুনামগঞ্জ জেলা শহরের দূরত্ব ৬৯ কিলোমিটার এবং সুনামগঞ্জ জেলা শহর হতে তাহিরপুর উপজেলার দূরত্ব ৪০ কিলোমিটার। এ উপজেলায় মোট ৫ টি নদী, ১৪ টি খাল, ১২৯ কিলোমিটার বাঁধ এবং ৩০০.০৪ কিলোমিটার রাস্তা

রয়েছে। উপজেলার মোট আয়তন ৩৩৬.৭০ বর্গ কিলোমিটার। এ উপজেলার মাটির প্রকৃতি দো-আঁশ, বেলে দো-আঁশ ও এটেল। উপজেলার বেশিরভাগ বসতভিটা এটেল মাটির এবং আবাদি জমি দো-আঁশ ও বেলে দো-আঁশ মাটির যার উর্বরতা শক্তি বেশি। সেচের খাল ও পুকুর পাড়ের মাটি বেলে ও দো-আঁশ প্রকৃতির এবং রাস্তাঘাটের মাটির প্রকৃতি এটেল ও দো-আঁশ। এ উপজেলায় খনিজ সম্পদের মধ্যে রয়েছে বালু ও পাথর।

১.৩.২ আয়তন

তাহিরপুর উপজেলার মোট আয়তন ৩৩৬.৭০ বর্গ কিলোমিটার। এ উপজেলার অন্তর্গত মোট ৭ টি ইউনিয়ন, ১০৮ টি মৌজা এবং ২৪৭ টি গ্রাম রয়েছে।

উপজেলা	ইউনিয়নের নাম	মৌজার সংখ্যা	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
তাহিরপুর	শ্রীপুর উত্তর	২৭	রংগারচরা, চারাগাও,বালাগাও, বালিয়াঘাটা, তেলিগাও, কামালপুর, কামালপুর চক, মাটিয়ান হাওর, ধলইগাও, শ্রীপুর উত্তর, বড়চরা, তরঙ্গ, শিবরামপুর, মন্ডলা, বালিয়াগাও, দুধের আলতা, পুটিমারা, তালই, রাজাবাজ, শ্রীপুরচক, লকা, মহিয়াজুরি, উত্তর তাহিরপুর, জগদ্বীশপুর, মৈন্দাহাতা, বোয়ালমারা ও মাছিমপুর।
	শ্রীপুর দক্ষিণ	১০	লামাগাও, পাটাবুকা, মানিক খিলা, জানজাইল, কটিপাড়া, মাহমুদপুর, দুমাল, ভবানিপুর, মোয়াজ্জেমপুর ও সানন্দপুর।
	বড়দল দক্ষিণ	১৮	খলখলিয়ারচর, নিয়ামতপুর, টাকাটুকিয়া, রসুলপুর, খালিশাজুরি, নালিয়ারবন্দ, গাংকান্দা, লেদারবন্দ, পুরানোখালাস, হাফানিয়া, জামালবাদ, জামালগড়, খালিশাজুড়ি, চতুরভুজপুর, খামারকান্দি, সোনাতলা, সদরখোলা ও হলহলিয়া।
	বড়দল উত্তর	১৮	মালশীগোফ, সরন্ডা, ভিটপৈলানপুর, পুঃ বড়খাড়া, চিকারকান্দি, শান্তিপুর, রাজাই, দিগলবাক, উত্তর পুরানঘাট, পঃব ড়খাড়া, বদরপুর, সরন্ডারচক, দঃ পুরানঘাট, ব্রাক্ষনগাঁও, আলীপুর, পৈলানপুর, মালসী ও পৈলানপুর চক।
	বাদাঘাট	১৪	যশপ্রতাপ, লোহার হাওর, গকুলপাড়া, নোওয়াগাও, উত্তর ঘাঘড়া, কুনহাট, সোহালা, চলিয়ারঘাট, পূর্ব দৈল, পুরানগাও, ইছবপুর, নূরপুর, লামাপাড়া ও মোল্লাপাড়া।
	তাহিরপুর সদর	১১	শনির হাওর, পৈন্ডব, রামজীবনপুর, নিশ্চিন্তপুর, জগজীবনপুর, শ্রীপুর, তাহিরপুর, নূরপুর, সোলেমানপুর, লতিফপুর ও রতনশ্রী।
	বালিজুরি	১০	মাধবপুর, ফাজিলপুর, হোসেনপুর, তিওরজালাল, পুরানবারুঙ্কা, বরখলা, মেনজারগাও, লোহাচুড়া, আনোয়ারপুর ও বালিজুরি।
মোট	**০৭**	**১০৮**	

উৎসঃ উপজেলা ভূমি অফিস, তাহিরপুর।

১.৩.৩ জনসংখ্যা

তাহিরপুর উপজেলার মোট জনসংখ্যা ২১৫,২০০ জন এর মধ্যে পুরুষ ১১০,৫৫৫ জন এবং মহিলা ১০৪,৬৪৫ জন।

উপজেলা/ইউনিয়ন নং	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
শ্রীপুর উত্তর	২৬৮০৭	২৩২৫৪	২৩০২৮	৩০০৪	৪৬৯	৫০০৬১	৮৫৮৭	২৫৩৩৯
শ্রীপুর দক্ষিণ	১০৭৫১	৯৯৮৭	৮৭১০	১৪৭২	৩০৬	২০৭৩৮	৩৬৭০	১১৪৬১
তাহিরপুর সদর	৯৭২৬	৯২৫১	৭৫৬৩	১৩৩৪	২৯০	১৮৯৭৭	৩৪৫৬	১১০৬৩
বড়দল দক্ষিণ	১১৩২০	১০৮৫২	১০৭৭৫	১৩৭৫	২৪৩	২২১৭২	৩৭৯৩	১২১৬২
বড়দল উত্তর	১৮৬৬৮	১৮৩৮১	১৮১৯১	২৬৬৭	৩২১	৩৭০৪৯	৬৬২৯	১৯৮৪৭
বালিজুরি	৯৭৫৮	৯৫৮০	৮৫০৯	১৩৭৩	২০৪	১৯৩৩৮	৩২৫১	১০৭৫৬
বাদাঘাট	২৩৫২৫	২৩৩৪০	২২৪০১	২৮৫৯	৬৮৪	৪৬৮৬৫	৮৫৪৫	২৪৫৫১
মোট	**১১০৫৫৫**	**১০৪৬৪৫**	**৯৯১৭৭**	**১৪০৮৪**	**২৫১৭**	**২১৫২০০**	**৩৭৯৩১**	**১১৫১৭৯**

উৎসঃ জনসংখ্যা জরীপ, ২০১১, জেলা সমাজসেবা অধিদপ্তর, জেলা নির্বাচন কমিশন অফিস, সুনামগঞ্জ।

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্তভাবে বর্ননা থাকতে হবে

১.৪.১ অবকাঠামো

বাঁধ

তাহিরপুর উপজেলায় মোট ০৭ টি বাঁধ রয়েছে যার দৈর্ঘ্য মোট ১২৯ কিলোমিটার। বাঁধগুলো হলঃ মাতিয়ার হাওর বাঁধ, শনির হাওর বাঁধ, মোহালিয়া হাওর বাঁধ, হালির হাওর বাঁধ, গুরমার হাওর বাঁধ, গুরমার হাওর বর্ধিতাংশ বাঁধ ও রাজনগর বালিজুড়ি বাঁধ । বাঁধগুলোর গড় উচ্চতা ৫.৫ থেকে ৬ মিটার। প্রতিবছর বর্ষায় বাঁধগুলো কমবেশী ক্ষতিগ্রস্ত হয়। এজন্য প্রতিবছরই বাঁধগুলো সংস্কারের প্রয়োজন পড়ে। **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

স্লুইচ গেট

তাহিরপুর উপজেলায় ৫ টি হাওরে মোট ৫ টি স্লুইচ গেট রয়েছে, শনির হাওরের বৈজ্ঞানিক খালের উপর ২ টি, শনির হাওরের আহম্মক খালের উপর ১ টি, মাতিয়ান হাওরের বেয়ালমারা খাল খালের উপর ১ টি এবং গুরমার হাওরের কইন্নার খালের উপর ১ টি স্লুইচ গেট স্থাপিত। এর মধ্যে ৪ টি স্লুইচ গেটই সচল রয়েছে। তবে শনির হাওরের বৈজ্ঞানিক খালের উপর ১ ভেন্টের স্লুইচ গেটটি বিকল রয়েছে। **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

ব্রীজ

তাহিরপুর উপজেলায় মোট ১৫ টি ব্রীজ রয়েছে। এগুলো স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আওতাধীন। এর মধ্যে সবগুলো ব্রীজই পাকা। সবগুলো ব্রীজই সচল রয়েছে। **উৎসঃ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), তাপহরপুর।**

কালভার্ট

তাহিরপুর উপজেলায় মোট ১৫৭ টি কালভার্ট রয়েছে। এগুলো স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আওতাধীন। এর মধ্যে ১৪০ টি কালভার্ট সচল রয়েছে। বাকি ১৭ টি কালভার্ট সংস্কার কার প্রয়োজন। **উৎসঃ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি),তাহিরপুর**

রাস্তা

তাহিরপুরঞ্জ উপজেলায় মোট ৩০০.০৪ কি.মি. রাস্তা রয়েছে। এর মধ্যে ৬৮ কি.মি. পাকা রাস্তা, ২৩২.০৪ কি.মি. কাঁচা রাস্তা রয়েছে। রাস্তাগুলোর গড় উচ্চতা ৪.৫ ফুট। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উপজেলায় মোট ৩০০.০৪ কি.মি. রাস্তার মধ্যে ১০৮.৪ কি.মি. রাস্তা বন্যা ঝুঁকিমুক্ত। **স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), তাহিরপুর।**

সেচ ব্যবস্থা

তাহিরপুর উপজেলায় ১ টি গভীর নলকূপ রয়েছে যা বিদ্যুৎচালিত। এ উপজেলায় মোট ৫০৫ টি অগভীর নলকূপ বা শ্যালো মেশিন রয়েছে। এর মধ্যে ৩৫ টি বিদ্যুৎচালিত এবং ৪৭০ টি ডিজেলচালিত। এছাড়া, এ উপজেলায় মোট ৫৬৭ টি Low Leap Pump (LLP) রয়েছে যার ৩৭ টি বিদ্যুৎচালিত এবং ৫৩০ টি ডিজেলচালিত। তাহিরপুর উপজেলায় মূলতঃ কোন হস্তচালিত নলকূপ নেই।

তবে কিছু ঐতিহ্যগত সেচযন্ত্র রয়েছে। এগুলো হল দোন ও সেওতি। এখানে প্রায় ৪,৪০০ দোন ও সেওতি রয়েছে যা দিয়ে ২,৬০০ হেক্টর কৃষি জমি সেচ দেয়া হয়। তাহিরপুর উপজেলার ২৪,৫৯৫ হেক্টর কৃষি জমির মধ্যে ১১,৬৪১ হেক্টর জমি সেচের আওতায় রয়েছে। বহু কৃষি জমি এখনও সেচের আওতার বাইরে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর।**

হাটবাজার

তাহিরপুর উপজেলায় মোট ১৮টি হাটবাজার রয়েছে। হাটবাজারগুলো উপজেলার ৭ টি ইউনিয়নের ১৮ টি গ্রামে বিদ্যমান। হাটবাজারগুলো সপ্তাহের বিভিন্ন বারে বসে। উপজেলার ১৮ টি হাটবাজারে মোট ২৮০০ টি দোকান এবং ১৭ টি সমিতি রয়েছে। তাহিরপুর উপজেলার হাটবাজারের তালিকা সংযুক্তি-১০ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

১.৪.২ সামাজিক সম্পদ

ঘরবাড়ি

তাহিরপুর উপজেলায় বিভিন্ন ধরনের ঘরবাড়ি দেখা যায়। এর মধ্যে কাঁচা, পাকা, আধাপাকা, ছনের এবং টিনের ঘর উল্লেখযোগ্য। কাঁচাঘর সাধারণতঃ মাটি, টিন, ছন, ইকর, বাঁশ ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা হয়। পাকা ঘর তৈরি করা হয় ইট, বালি, সিমেন্ট, রড, পাথর ইত্যাদি দিয়ে। আবার আধাপাকা ঘর ইট, বালি, সিমেন্ট, রড ও টিন দিয়ে তৈরি করা হয়। এছাড়া, ছনের ঘর ছন ও ইকর বেড়া দিয়ে এবং টিনের ঘর টিন, কাঠ ও লোহা দিয়ে তৈরি করা হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, তাহিরপুর উপজেলায় মোট ২০,১৯২ টি ঘর রয়েছে যার মধ্যে ১৮,৭৬৫ টি ঘর কাঁচা এবং ১৪২৭ টি ঘর পাকা। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

পানি

তাহিরপুর উপজেলায় খাবার পানির উৎসগুলো হল নলকূপ, নদীনালা, খালবিল, পুকুর, বৃষ্টির পানি ও পাতকুয়া ইত্যাদি। এ উপজেলায় মোট ১,০৮৫ টি নলকূপ রয়েছে। এর মধ্যে ৭৩৭ টি নলকূপ সচল ও ৩৪৮ টি নলকূপ বিকল। ১৫৩ টি নলকূপ বন্যা লেভেলের উপরে স্থাপন করা হয়েছে। ফলে নলকূপগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, তাহিরপুর উপজেলায় ৬১.১৯% অধিবাসী নলকূপের পানি ব্যবহার করে। **উৎসঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তাহিরপুর।**

পয়ঃনিস্কাশন ব্যবস্থা

তাহিরপুর উপজেলায় মোট ২০৯৭ টি স্বাস্থ্যসম্মত পায়খানা রয়েছে। এর মধ্যে ১,৪৮৯ টি স্বাস্থ্যসম্মত পায়খানা বন্যা লেভেলের উপরে স্থাপন করায় পায়খানাগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। তাহিরপুর উপজেলায় ৬৯.৯৮% অধিবাসী স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করে। **উৎসঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তাহিরপুর।**

শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

তাহিরপুর উপজেলায় মোট ১৩০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৬০১ জন শিক্ষক শিক্ষিকা তত্ত্বাবধানে মোট ২৫.৩৯৯ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। তাহিরপুর উপজেলায় মোট ৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪৩৯ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ২২,৬৪০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এছাড়া, উপজেলার মোট ১৫টি বেসরকারি উচ্চ বিদ্যালয়ে ১০৩ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ৪৬৫৬ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। উপজেলার মোট ৫টি মাদ্রাসায় ৩২ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ১২৩৭ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। উল্লেখ্য যে, তাহিরপুর উপজেলায় মোট ২ টি বেসরকারি কলেজ রয়েছে যেখানে ২৭ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ১০৫৭ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। তাহিরুপর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংযুক্তি-১১ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক অফিস, তাহিরপুর।**

ধর্মীয় প্রতিষ্ঠান

তাহিরপুর উপজেলায় মোট ২৩৩ টি ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ১৮৭ টি মসজিদ, ৪৫ টি মন্দির এবং ১টি গীর্জা রয়েছে । **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ)

তাহিরপুর উপজেলায় মোট ৪ টি ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাহ) রয়েছে। ঈদগাহগুলো উপজেলার ৭ টি ইউনিয়নে বিদ্যমান রয়েছে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

স্বাস্থ্য সেবা

তাহিরপুর উপজেলায় ১ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ৩ টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র ও ১৫ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। এ উপজেলায় কোন বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র নেই । উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র উপজেলা হেডকোয়ার্টার (তাহিরপুর সদর ইউনিয়নে) অবস্থিত। এখানে ৩ জন ডাক্তার ও ৫ জন নার্স রয়েছে। উপজেলার স্বাস্থ্যসেবা কেন্দ্রের তালিকা সংযুক্তি- ১২ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র, তাহিরপুর।**

ব্যাংক

তাহিরপুর উপজেলায় মোট ৫ টি ব্যাংক রয়েছে। এর মধ্যে সোনালী ব্যাংক, কৃষি ব্যাংক ও গ্রামীণ ব্যাংক তাহিরপুর সদরে, সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংক বাদাঘাট বাজারে অবস্থিত। ব্যাংকগুলো এখানে কৃষিঋণ, ব্যবসা ঋণ, ক্ষুদ্রঋণ, আমানত সংগ্রহ ইত্যাদি সেবা প্রদান করে থাকে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

পোস্ট অফিস

তাহিরপুর উপজেলায় মোট ৫ টি পোস্ট অফিস রয়েছে। পোস্ট অফিসগুলো তাহিরপুর সদর, বাদাঘাট বাজার, টেকেরঘাট, শ্রীপুর ও কাউকান্দি বাজারে অবস্থিত। পোস্ট অফিসগুলো এখানে চিঠি ও পার্সেল আদান প্রদান, রেভিনিউ ও জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয়, পোস্টাল অর্ডার, মানি ট্রান্সফার ইত্যাদি সেবা প্রদান করে থাকে। **উৎসঃ উপজেলা পোস্ট অফিস, তাহিরপুর।**

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র

তাহিরপুর উপজেলায় মোট ২১ টি ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র রয়েছে। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো উপজেলার ৭ টি ইউনিয়নে অবস্থিত। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো এখানে বিভিন্ন রকমের সমাজসেবা ও উন্নয়নমূলক কাজে সহায়তা করছে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

এন জি ও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১	Friends In Village Development Bangladesh (FIVDB)	জনশীলন কর্মসূচী(শিশু শিক্ষা)		জানুয়ারী ২০০৮ থেকে অক্টোবর ২০১৩ সাল
২	Assistance for Slum Dewellers	খাদ্য নিরাপত্তা		জানুয়ারী ২০১০ থেকে নভেম্বর ২০১৩
৩	Centre for Natural Resource and Studies	জীববৈচিত্র		ফেব্রুয়ারী ২০১২ থেকে জুন ২০১৪
৪	ব্র্যাক	ভিশন বাংলাদেশ		জানুয়ারী ২০১১ থেকে চলমান
		ক্ষুদ্রঋণ কর্মসূচী		চলমান
৫	আশা	ক্ষুদ্রঋণ		১৯৮৯ সাল থেকে চলমান
৬	গ্রামীণ ব্যাংক	ক্ষুদ্রঋণ		১৯৮৯ সাল থেকে চলমান
৭	কারিতাস বাংলাদেশ	অভিবাসীদের সহায়তা		জানুয়ারী ২০১২ সাল থেকে চলমান
৮	সুইস কন্টাক্ট	হেলথ কেয়ার সিভিল সোসাইটি অর্গানাইজেশন		মার্চ ২০১১ থেকে চলমান
৯	লাভ ফর ডিসটেসড	সি.সি. ডি.পি		জুলাই ২০১০ সাল থেকে চলমান

খেলার মাঠ

তাহিরপুর উপজেলায় মোট ৪ টি খেলার মাঠ রয়েছে। খেলার মাঠগুলো উপজেলা সদর, দক্ষিণ বড়দল, বাদাঘাট ও উত্তর শ্রীপুরে ইউনিয়নে অবস্থিত। উপজেলার ৪ টি খেলার মাঠের মধ্যে ২টি খেলার মাঠ (তাহিরপুর সদর এবং বাদাঘাট বাজার অবস্থিত) বন্যা লেভেলের উপরে হওয়ায় দুর্যোগের সময় এগুলো কাজে লাগে অর্থাৎ মানুষ ও গৃহপালিত পশুপাখি এখানে আশ্রয় নিতে পারে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

কবরস্থান / শ্মশানঘাট

তাহিরপুর উপজেলায় মোট ১৯০ টি কবরস্থান ও ২১ টি শ্মশানঘাট রয়েছে। এগুলো উপজেলার ৭ টি ইউনিয়নে অবস্থিত। উপজেলার ৯৫% কবরস্থান ও শ্মশানঘাট বন্যা লেভেলের নীচে হওয়ায় দুর্যোগের সময় বা বর্ষাকালে মৃতদেহ সৎকার করা কষ্টকর হয়। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

তাহিরপুর উপজেলায় যোগাযোগের মাধ্যম হল লেগুনা, সিএনজি, মোটর সাইকেল, ইজিবাইক, রিক্সা, ভ্যান, ভটভটি, নৌকা ও ইঞ্জিনচালিত নৌকা। স্থানীয় জনগণ লেগুনা, সিএনজি, মোটর সাইকেল, ইজিবাইক, রিক্সা, ভ্যান, ভটভটি, নৌকা, ইঞ্জিনচালিত নৌকা ইত্যাদি পরিবহনের মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে যাতায়াত করে থাকে। তাহিরপুর উপজেলায় ৯ টি লেগুনা, ১৯২ টি মোটর সাইকেল, ২৭টি ইজিবাইক, ১১৯ টি রিক্সা, ২৫২ টি নৌকা, ২৪৬টি ভ্যান, ৪৬টি ভটভটি ও ৭৮ টি ইঞ্জিনচালিত নৌকা রয়েছে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, তাহিরপুর।**

বন ও বনায়ন

তাহিরপুর উপজেলায় ৩২৯ হেক্টর এলাকা জুড়ে বনাঞ্চল (স্ট্রিপ গার্ডেনিং) রয়েছে । এ বনাঞ্চলে মেহগনি, কদম, অর্জুন, আকাশমণি, রেইনট্রি, চাকারাশি, হিজল ও করচ ইত্যাদি গাছ রয়েছে। এছাড়া, এলাকার জনগণ বাড়ির চারপাশে নিজ উদ্যোগে বনায়ন করে থাকে। **উৎসঃ ফরেস্ট রেঞ্জার, সুনামগঞ্জ।**

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা

তাহিরপুর উপজেলার বৃষ্টিপাতের বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ৪১০০ মিলি মিটার। এ উপজেলায় সাধারণতঃ গ্রীষ্মকালে ১০০০ মিলি মিটার, বর্ষাকালে ২৬০০ মিলি মিটার এবং শীতকালে ৫০০ মিলিমিটার বৃষ্টিপাত হয়। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, উৎপাদন ব্যয় বেশি হচ্ছে এবং উৎপাদনও কম হচ্ছে। সেইসাথে ফসলে রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। অসময়য়ে বৃষ্টিপাত বেশি লক্ষ্য করা যাচ্ছে। আশ্বিন-অগ্রাহায়ন পর্যন্ত প্রচুর বৃষ্টি হয় যার ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাছাড়া শীতমৌসুমেও প্রচুর বৃষ্টিপাত হয় যার ফলে ফসলের চাষাবাদ ব্যাহত হয় এবং মানুষের জীবন-জীবিকার উপর বিরাট নেতিবাচক প্রভব পড়ে। প্রায় সারা বছর জুড়েই বৃষ্টিপাত হয়। মে থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত বৃষ্টিপাত বেশি হয়। তবে শীতকালে বৃষ্টিপাত খুবই কম হয়। এ উপজেলায় বৃষ্টিপাতের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর।**

তাপমাত্রা

তাহিরপুর উপজেলায় গ্রীষ্মকালের গড় তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেন্টিগ্রেড এবং শীতকালের গড় তাপমাত্রা ১৬ ডিগ্রি সেন্টিগ্রেড । বর্তমানে উপজেলার তাপমাত্রার পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে অর্থাৎ তাপমাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া তাপমাত্রা বৃদ্ধির ফলে যে সমস্ত লোক বিকল্প পেশা হিসেবে পোল্ট্রি ফার্ম ব্যবসা, গবাদিপশুপালন চালু করেছিল তাদের এই ব্যবসাও ঝুঁকির মুখে পড়েছে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর ।**

ভূ-গর্ভস্থ পানির স্তর

তাহিরপুর উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর বর্তমানে ১০০ থেকে ৩০০ ফুট নীচে। উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তরের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে অর্থাৎ ভূ-গর্ভস্থ পানির স্তর দিন দিন নীচে নেমে যাচ্ছে। পূর্বে এ উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর ছিল ৭০ থেকে ২০০ ফুট নীচে। শুষ্ক মৌসুমে ভূ-গর্ভস্থ পানির স্তর নীচে নেমে যাওয়ার করণে অত্র এলাকায় খাবার ও সেচের পানির সংকট দেখা দেয়। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর।**

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার

তাহিরপুর উপজেলায় মোট ২৫,২৪৬ হেক্টর কৃষি জমি রয়েছে। তন্মধ্যে আবাদি জমির পরিমাণ ২৪,৫৯৫ হেক্টর এবং অনাবাদি জমির পরিমাণ ৬৫০ হেক্টর। আবাদি জমির মধ্যে এক ফসলী জমির পরিমাণ ১৩,৪৫৫ হেক্টর, দু'ফসলী জমির পরিমাণ ৮,৯৮৬ হেক্টর এবং তিন ফসলী জমির পরিমাণ ২১৫৪ হেক্টর । এছাড়া, বসতি এলাকার মোট জমির পরিমাণ ৬১১৪ হেক্টর। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর।**

কৃষি ও খাদ্য

তাহিরপুর উপজেলায় প্রধান ফসলগুলো হলঃ ধান (বোরো), গম, সরিষা, গোলআলু, মরিচ, মিষ্টিআলু, বাদাম, শাকসব্জি ইত্যাদি। উপজেলার আবাদকৃত ফসলী জমি ও উৎপাদন পরিসংখ্যান (ফেব্রুয়ারি ২০১৪) নিম্নরূপঃ

ক্র/নং	ফসলের নাম	ফসলী জমি (হেক্টরে)	উৎপাদন (মে. টনে)	মন্তব্য
১	বোরো	১৩,৪৫৫	২২,৪৭০	
২	আমন	৮,৯৮৬	১৩,৫৬৯	
৩	আউশ	২,১৫৪	৫,১৪৮	
৪	গম	৮০	২০৮	
৫	সরিষা	৩৫০	৪৫৫	
৬	আলু	২২০	৩৭৪০	
৭	মরিচ	১০০	১৫০	
৮	মিষ্টিআলু	১০০	১৫০০	
৯	শাকসব্জি	৯৯০	১৫৯৪০	
১০	ধনিয়া	৪০	৮০	
১১	মাসকালাই	৪০	৪৮	
১২	পেঁয়াজ	১০	৯০	
১৩	আখ	৫০	২০০০	

বিগত বছরে উল্লেখযোগ্য কোন ক্ষয়ক্ষতি হয়নি। প্রতি বছর বন্যা হলেও ২০০৪, ২০০৯, ২০১০ সালের আগাম বন্যা ছিল সবচেয়ে ব্যাপক। অত্র এলাকার প্রধান খাদ্যসমূহ হল- ভাত, মাছ ও শাকসব্জি। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর।**

নদী

তাহিরপুর উপজেলার মধ্য দিয়ে ছোট বড় ৫ টি নদী প্রবাহিত হয়েছে। নদীগুলো হল যাদুকাটা, বৌলাই, আবুয়া, পাটনাই ও বাগলীছড়া। নদী থাকার কারণে এলাকার যথেষ্ট উন্নয়ন ঘটছে। যেমন মালামাল পরিবহনে ব্যয় কম হচ্ছে। বালি, পাথর ও মাছ খুব অল্প সময়ে একস্থান থেকে অন্যস্থানে নেয়া যাচ্ছে। এছাড়া, নদীগুলোর পানি সেচের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অপরপক্ষে, পলি পড়ে নদী ভরাট হয়ে যাচ্ছে। ফলে নদীর নাব্যতা দিন দিন হ্রাস পাচ্ছে। **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

পুকুর

তাহিরপুর উপজেলায় ৩৭৮ টি পুকুর রয়েছে। এসব পুকুর থেকে মাছ বিক্রয় করে প্রতিবছর বিপুল অঙ্কের টাকা আয় হচ্ছে যা সামাজিক উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখছে। এছাড়া, পুকুরের পানি গৃহস্থালীর কাজে ব্যবহৃত হয়। **উৎসঃ উপজেলা মৎস্য অফিস, তাহিরপুর।**

খাল

তাহিরপুর উপজেলার মধ্য দিয়ে ১৪ টি খাল প্রবাহিত হয়েছে। উক্ত খালে বিভিন্ন প্রকারের মাছ পাওয়া যায়। এছাড়া এর পানি দিয়ে হাওরের ধানক্ষেতে সেচ দেয়া হয়। অপরপক্ষে, পলি পড়ে খাল ভরাট হয়ে যাওয়ার ফলে খালের নাব্যতা দিন দিন হ্রাস পাচ্ছে। **উৎসঃ উপজেলা মৎস্য অফিস, তাহিরপুর।**

বিল

তাহিরপুর উপজেলার ৮১ টি বিল রয়েছে। এ উপজেলায় ২০ একরের উর্ধ্বে ৩৬ টি, ২০ একরের নীচে ৩৪ টি এবং উন্মুক্ত বিল রয়েছে ১১ টি। সবগুলো বিলে পর্যাপ্ত পানি থাকায় অধিক মাছ উৎপাদন সম্ভব হচ্ছে। এখানে বিভিন্ন প্রকারের মাছ পাওয়া যায়। এর পানি দিয়ে হাওরের ধানক্ষেতে সেচ দেয়া হয়। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে এবং পুষ্টির চাহিদা পুরণ হচ্ছে। এছাড়া বিলগুলো বিভিন্ন প্রকার পাখির বিচরণক্ষেত্র। এর ফলে জীব বৈচিত্র রক্ষা পাচ্ছে। বিল সেচে মাছ ধরা এ উপজেলার একটি সাধারণ চিত্র। এতে মাছের প্রজননক্ষেত্র নষ্ট হচ্ছে। এছাড়া, শীতকালে খালবিল সেচে মাছ ধরা এবং বর্ষার শুরুতে কোনা জাল অথবা কারেন্ট জাল দিয়ে মাছের পোনা ধরার ফলে অত্র উপজেলায় মাছ উৎপাদন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আবার জাল যার জলা তার এ শ্লোগান প্রচলিত থাকলেও এতে জেলেদের প্রবেশোধিকার সীমিত। বিলের তালিকা সংযুক্তি-১৩ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা মৎস্য অফিস, তাহিরপুর।**

হাওড়

তাহিরপুর উপজেলায় ২৩ টি হাওর রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য ৬ টি হাওর রয়েছে, যেমন, টাংগুয়ার হাওর, শনির হাওর, মাটিয়ান হাওর, মহালিয়া হাওর, হালির হাওর ও গুরমার হাওর । টাংগুয়ার হাওরের আয়তন ৯৭২৭ হেক্টর এর মধ্যে তাহিরপুর উপজেলায় ২৯৯২ হেক্টর, শনির হাওরের আয়তন ৮২৩৭ হেক্টর এর মধ্যে তাহিরপুর উপজেলায় ৫৫১০ হেক্টর, মাটিয়ান হাওরের আয়তন ২৯০০ হেক্টর, মহালিয়া হাওরের আয়তন ৪২৫ হেক্টর, হালির হাওরের আয়তন ২৮৬৫ হেক্টর, ও গুরমার হাওরের আয়তন ৫৫০ হেক্টর। হাওরগুলোতে বর্ষাকালে মাছ পাওয়া যায় এবং বোরো মৌসুমে ধানচাষ করা হয়। এছাড়া, হাওরগুলো বর্ষাকালে নৌযোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, তাহিরপুর।**

আর্সেনিক দুষণ

তাহিরপুর উপজেলায় অল্প মাত্রায় আর্সেনিক দূষণ রয়েছে। দূষণের মাত্রা ০.০২৮%। উপজেলার ৭ টি (০.৬৫%) নলকূপে আর্সেনিক পাওয়া গিয়েছে। যার সবগুলো লাল কালিতে চিহ্নিত করা হয়েছে। এর ফলে এলাকার জনগণ এগুলোর পানি ব্যবহার করছে না। এতে এ উপজেলায় কোন আর্সেনিকোসিস রোগের প্রদুর্ভাব ঘটছে না। **উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তাহিরপুর।**

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল খরা, কালবৈশাখী ঝড়, মৌসুমী বন্যা ইত্যাদি।

অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল লাউড়ের গড়ের যাদুকাটা নদী এবং মহারাম নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ তাহিরপুরে আগাম বন্যার সৃষ্টি হয়। আগাম বন্যা মূলতঃ এ উপজেলায় চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে সংগঠিত হয়ে থাকে। এতে ঐ এলাকার টাংগুয়ার হাওর, মাটিয়ান হাওর এবং শনির হাওরসহ অন্যান্য হাওরের বোরো ফসল নষ্ট হয়। এছাড়া, উল্টো দিক থেকে সুরমা ও কুশিয়ারা নদী দিয়ে পানি এসেও তাহিরপুরে আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার শনির হাওরসহ অন্যান্য হাওরসহ অন্যান্য হাওরের বোরো ফসল নষ্ট হয়। ২০১০ সালের আগাম বন্যায় ১০৩৩৭ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ২৬১৩ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ২০ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ১৬ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, বালি ও পলি পড়ে নদীগুলো ভরাট হয়ে যাচ্ছে। তাই নদীগুলো ড্রেজিং এবং ফসল রক্ষা বাঁধ সংস্কার করা প্রয়োজন। তাহিরপুর উপজেলা ব্যাপক মাত্রায় মৌসুমী বন্যা কবলিত একটি এলাকা। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে ভাদ্র মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতে ও প্রাণহাণী ঘটে। উল্লেখ্য, ২০০৪ সালের মৌসুমী বন্যায় ৫৩৩ হেক্টর জমির ফসলাদি, ৫৪৭২ টি ঘরবাড়ি, ৭৪ কিঃমিঃ রাস্তা (আংশিক), ২৮.৫ কিঃমিঃ বেড়িবাঁধ, ৫৮ টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৩৮ টি শিক্ষা প্রতিষ্ঠান, ১৫ টি মৎস্য খামার, ৬৭ টি নলকূপ এবং ২৩৫ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ১২৯ টি গবাদি পশু মারা যায় এবং ২ জন শিশুও প্রাণ হারায়। মেঘালয়ের সন্নিকটে ও হাওর অধ্যুষিত হওয়ায় এ উপজেলায় কালবৈশাখী ঝড়ের প্রকোপ বেশি। এ উপজেলায় সাধারণতঃ চৈত্র মাসের শেষ থেকে বৈশাখ মাস পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়। এর ফলে বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি এবং শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয়, নৌকা ও লঞ্চ ডুবি হয়ে জানমালের ক্ষতি হয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় প্রতি বছর কালবৈশাখী ঝড় হলেও ২০০৯, ২০১০ এবং ২০১১ সালের কালবৈশাখী ঝড় ছিল সবচেয়ে ব্যাপক। উল্লেখ্য, ২০০৯ সালের কাল বৈশাখী ঝড়ে ৭০ টি ঘরবাড়ি (আংশিক) ক্ষতিগ্রস্ত হয় এবং ১৮ টি গৃহপালিত পশুপাখি মারা যায়। ২০১০ সালের কাল বৈশাখী ঝড়ে ৩৭ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ২৮ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ২০ টি ঘরবাড়ি (আংশিক), ৩২৪ টি গাছপালা, ১ টি শিক্ষা প্রতিষ্ঠান, ১ টি ধর্মীয় প্রতিষ্ঠান এবং ৭৪ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। ২০১১ সালের কাল বৈশাখী ঝড়ে ৩৫ টি ঘরবাড়ি (আংশিক) ক্ষতিগ্রস্ত হয় এবং ১৭ টি গৃহপালিত পশুপাখি মারা যায়। এ উপজেলায় সাধারণতঃ ফাল্গুন মাসের শুরু থেকে বৈশাখ মাস পর্যন্ত খরা হয়। এতে বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় ২০০১ ও ২০১৩ সালে খরা দেখা যায়। উল্লেখ্য, ২০০১ সালের খরায় ৮০২ হেক্টর জমির ফসলাদি এবং ২০১৩ সালের খরায় ৪০৯ হেক্টর জমির বোরো ধান ক্ষতিগ্রস্ত হয়।

অতীতে ২০১০ সালে আগাম বন্যার পানি বিপদসীমার ৩৫ সেঃমিঃ উপরে প্রবাহিত হয়েছিল এবং এই পানি ২ থেকে ৩ দিনের মধ্যে বেড়েছিল। এরপর এ পানি প্রায় ১৫ দিন স্থায়ী ছিল। বন্যার পানি মেঘালয় পাহাড় হয়ে বাদাঘাট ইউনিয়নের যাদুকাটা, চলতি নদী দিয়ে প্রবাহিত হয়েছিল। মানুষ সাধারণতঃ যেসকল দুর্ভোগ বা অসুবিধার সম্মুখীন হয় তা হল যোগাযোগের অসুবিধা হয়, খাদ্যের সমস্যা, আশ্রয়, জরুরী চিকিৎসা, কর্মসংস্থান এর অভাব দেখা দেয়, মানসিক অস্থিরতা ইত্যাদি সমস্যার সৃষ্টি হয় । তাহিরপুর উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/উপাদান ক্ষতিগ্রস্থ হয়
আগাম বন্যা	২০১০	২০১০ সালের আগাম বন্যায় ১০৩৩৭ হেক্টর (৪২.০২%) জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ২৬১৩ হেক্টর (১০.৬২%) জমির ফসলাদি (আংশিক), ২০ কিঃমিঃ (৬.৬৬%) রাস্তা (আংশিক) এবং ১৬ কিঃমিঃ (১২.৪%) বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়।	রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, ঘরবাড়ি, বীজতলা, ফসলের জমি, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা, মানব জীবন, বেরীবাধ ও ব্যবসা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়।
মৌসুমী বন্যা	২০০৪	২০০৪ সালের মৌসুমী বন্যায় ৫৩৩ হেক্টর	রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, ঘরবাড়ি,

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/উপাদান ক্ষতিগ্রস্থ হয়
		(২.১৬%) জমির ফসলাদি, ৫৪৭২ টি (২৭.০৯%) ঘরবাড়ি, ৭৪ কিঃমিঃ (২৪.৬৬%) রাস্তা (আংশিক), ২৮.৫ কিঃমিঃ (২২.০৯%) বেড়িবাঁধ, ৫৮ টি (২৪.৮৯%) ধর্মীয় প্রতিষ্ঠান, ৩৮ টি (২৯.২৩%) শিক্ষা প্রতিষ্ঠান, ১৫ টি (৩.৯৬%) মৎস্য খামার, ৬৭ টি (৬.১৭%) নলকূপ এবং ২৩৫ টি (১১.২০%) পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ১২৯ টি (০.১১%) গবাদি পশু মারা যায় এবং ২ জন (০.০০২%) শিশুও প্রাণ হারায়।	বীজতলা, ফসলের জমি, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়।
কাল বৈশাখী ঝড়	২০০৯, ২০১০ ও ২০১১	২০০৯ সালের কাল বৈশাখী ঝড়ে ৭০ টি (০.৩৪%) ঘরবাড়ি (আংশিক) ক্ষতিগ্রস্ত হয় এবং ১৮ টি (০.০১%) গৃহপালিত পশুপাখি মারা যায়। ২০১০ সালের কাল বৈশাখী ঝড়ে ৩৭ হেক্টর (০.১৫%) জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ২৮ হেক্টর (০.১১%) জমির ফসলাদি (আংশিক), ২০ টি (০.০৯%) ঘরবাড়ি (আংশিক), ৩২৪ টি গাছপালা, ১ টি (০.৭৬%) শিক্ষা প্রতিষ্ঠান, ১ টি (০.৪২%) ধর্মীয় প্রতিষ্ঠান এবং ৭৪ টি (৩.৫২%) পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। ২০১১ সালের কাল বৈশাখী ঝড়ে ৩৫ টি (০.১৭%) ঘরবাড়ি (আংশিক) ক্ষতিগ্রস্ত হয় এবং ১৭ টি (০.০১%) গৃহপালিত পশুপাখি মারা যায়।	বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। এতে প্রাণহানীও ঘটে। খাদ্য সংকট দেখা দেয় এবং নৌকা ও লঞ্চ ডুবি হয়ে জানমালের ক্ষতি হয়।
খরা	২০০১ ও ২০১৩ সাল	২০০১ সালের খরায় ৮০২ হেক্টর (৩.২৬%) জমির ফসলাদি ক্ষতিগ্রস্ত হয়। ২০১৩ সালের খরায় ৪০৯ হেক্টর (১.৬৬%) জমির ফসলাদি ক্ষতিগ্রস্ত হয়।	মানুষ, পশু সম্পদ, গাছপালা ইত্যাদি ক্ষতিগ্রস্ত হয়।

২.২ উপজেলার আপদসমুহ

ক্রমিক	আপদ	অগ্রাধিকার	স্তর
০১	আগাম বন্যা	আগাম বন্যা	১ম
০২	কাল বৈশাখী ঝড়	মৌসুমী বন্যা	২য়
০৩	খরা	কাল বৈশাখী ঝড়	৩য়
০৪	মৌসুমী বন্যা	খরা	৪র্থ

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বিস্তারিত বর্ননাঃ

আগাম বন্যাঃ তাহিরপুর উপজেলা হাওরবেষ্টিত নীচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর উপজেলা। ব্যাপক মাত্রায় আগাম বন্যা কবলিত একটি এলাকা তাহিরপুর উপজেলা। বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই সীমান্তের ওপার থেকে নেমে আসা পাহাড়ি ঢলে মুলতঃ তাহিরপুর আগাম বন্যার সৃষ্টি হয়। সাধারণতঃ হঠাৎ করে পাহাড়ে মাত্রারিক্ত বৃষ্টি হলে এ অঞ্চলে আগাম বন্যা দেখা দেয়। যা চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে আগাম বন্যা সংগঠিত হয়ে থাকে। প্রকৃতপক্ষে, অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল বাদাঘাট ইউনিয়নের জাদুকাটা নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ তাহিরপুর আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার মাটিয়ান হাওর, টাংগুয়ার হাওর ও শনির হাওরের বোরো ফসল নষ্ট হয়। আগাম বন্যায় এলাকার কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এখানে উল্লেখ্য যে, ২০১০ সালের আগাম বন্যায় ১০৩৩৭ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ২৬১৩ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ২০ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ১৬ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়।

আগাম বন্যায় এলাকার কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয় যা মানুষের জীবিকার উপর নেতিবাচক প্রভাব ফেলে। এসময় গো-খাদ্যের সংকট দেখা দেয়, দিনমজুরদের কর্মসংস্থানের সুযোগ কমে আসে এবং ব্যবসায়ে মন্দা দেখা দেয়। প্রতি বছর বন্যা হলেও ২০১০ সালের আগাম বন্যা ছিল সবচেয়ে ব্যাপক। তাহিরপুর উপজেলায় ২০১০ সালের আগাম বন্যায় ইউনিয়নভিত্তিক ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নরূপঃ

শ্রীপুর উত্তর ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার শ্রীপুর উত্তর ইউনিয়নে ১৫৯৬ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৭০ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ১ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ২ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ১১৮০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

শ্রীপুর দক্ষিণ ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে ১৫৫৮ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৫০৩ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ১ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ১.৫ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ৮৩৬ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

তাহিরপুর সদর ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার তাহিরপুর সদর ইউনিয়নে ১৫৮০ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৮২ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৩ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৩.৫ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ১২৯৩ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বড়দল দক্ষিণ ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার বড়দল দক্ষিণ ইউনিয়নে ১৩০৪ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৬২ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ২ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ১ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ১২২০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বড়দল উত্তর ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার বড়দল উত্তর ইউনিয়নে ১৪৫১ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ২৯৭ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ১.৫ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ২ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ১২৩৬ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বালিজুরি ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার বালিজুরি ইউনিয়নে ১২৭৬ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩০১ হেক্টর জমির ফসলাদি (আংশিক) এবং ৩.৫ কিঃমিঃ রাস্তা (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ১০৬৬ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বাদাঘাট ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় তাহিরপুর উপজেলার বাদাঘাট ইউনিয়নে ১৫৭২ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৯৮ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৮ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৩ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ১৬১৮ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

জলবায়ু পরিবর্তনের কারণে ভবিষ্যতে আগাম বন্যা ঘন ঘন হতে পারে এবং এর ব্যাপকতাও বৃদ্ধি পেতে পারে। এতে উপজেলার বোরো ফসল, বেড়িবাঁধ, রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হতে পারে যা মানুষের জীবিকার উপর ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলতে পারে। এসময় গো-খাদ্যের ব্যাপক সংকট দেখা দিতে পারে, দিনমজুরদের কর্মসংস্থানের সুযোগ আরো কমে আসতে পারে এবং ব্যবসায়ে মন্দা দেখা দিতে পারে। ভবিষ্যতে তাহিরপুর উপজেলায় আগাম বন্যায় ইউনিয়নভিত্তিক যেরূপ ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে তা নিম্নরূপঃ

শ্রীপুর উত্তর ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে শ্রীপুর উত্তর ইউনিয়নে ১৬২৭ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৪২০ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৩ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৫ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১২৮৫ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

শ্রীপুর দক্ষিণ ইউনিয়ন

তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে ১৭০৭ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৫৭০ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৪ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৪ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১০৪২ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

তাহিরপুর সদর ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে তাহিরপুর সদর ইউনিয়নে ১৬৭০ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৪৪৭ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৬ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৮ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১৩১৫ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

বড়দল দক্ষিণ ইউনিয়ন

তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে বড়দল দক্ষিণ ইউনিয়নে ১৪০৭ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৮৯ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৫ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ২.৫ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১৪৮০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

বড়দল উত্তর ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে বড়দল উত্তর ইউনিয়নে ১৫৩১ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৩৭ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৩ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৪ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১৩৪০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

বালিজুরি ইউনিয়ন

তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে বালিজুরি ইউনিয়নে ১৩২১ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৩৭৫ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ৫.৫ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৩ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১১৮৮ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

বাদাঘাট ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে তাহিরপুর উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে বাদাঘাট ইউনিয়নে ১৬৮৮ হেক্টর জমির ফসলাদি (সম্পূর্ণ) এবং ৪১৭ হেক্টর জমির ফসলাদি (আংশিক), ১০ কিঃমিঃ রাস্তা (আংশিক) এবং ৪.৫ কিঃমিঃ বেড়িবাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। যার ফলে ১৭৭৫ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

মৌসুমী বন্যাঃ তাহিরপুর উপজেলা ব্যাপক মাত্রায় মৌসুমী বন্যা কবলিত একটি এলাকা। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে ভাদ্র মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতে ও প্রাণহাণী ঘটে। উল্লেখ্য, ২০০৪ সালের মৌসুমী বন্যায় ৫৩৩ হেক্টর জমির ফসলাদি, ৫৪৭২ টি ঘরবাড়ি, ৭৪ কিঃমিঃ রাস্তা (আংশিক), ২৮.৫

কিঃমিঃ বেড়িবাঁধ, ৫৮ টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৩৮ টি শিক্ষা প্রতিষ্ঠান, ১৫ টি মৎস্য খামার, ৬৭ টি নলকূপ এবং ২৩৫ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ১২৯ টি গবাদি পশু মারা যায় এবং ২ জন শিশুও প্রাণ হারায়।

মৌসুমী বন্যায় এলাকার কৃষি, স্বাস্থ্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ, প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। মৌসুমী বন্যায় স্বাভাবিক পানির চেয়ে ৩ থেকে ৪ হাত পানি বেশি হলে এ উপজেলায় ঘরবাড়ি রাস্তাঘাট, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়; বিশুদ্ধ পানির অভাবে মানুষের পানিবাহিত রোগ ও গবাদি পশুর বিভিন্ন ধরনের রোগবালাই দেখা দেয়; বাসস্থানের সংকট এবং গো-খাদ্যের সংকট দেখা দেয়। এসময় পশুপাখির প্রাণহানীও ঘটে। এছাড়া মৃতদেহ সৎকারে অসুবিধা হয়। প্রতি বছর বন্যা হলেও ২০০৪ সালের বন্যা ছিল সবচেয়ে ব্যাপক। তাহিরপুর উপজেলার ২০০৪ সালের মৌসুমী বন্যায় ইউনিয়নভিত্তিক ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নরূপঃ

শ্রীপুর উত্তর ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় তাহিরপুর উপজেলার শ্রীপুর উত্তর ইউনিয়নে ৫২ হেক্টর জমির ফসলাদি, ৮৫৫ টি ঘরবাড়ি, ৫ কিঃমিঃ রাস্তা (আংশিক), ২ কিঃমিঃ বেড়িবাঁধ, ৮ টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৫ টি শিক্ষা প্রতিষ্ঠান, ১ টি মৎস্য খামার, ১৪ টি নলকূপ এবং ২৫ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ১৪ টি গবাদি পশু মারা যায় এবং ২ জন শিশুও প্রাণ হারায়। যার ফলে ৯৮৮ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

শ্রীপুর দক্ষিণ ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় তাহিরপুর উপজেলার শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে ৫৯ হেক্টর জমির ফসলাদি, ৯১০ টি ঘরবাড়ি, ৩ কিঃমিঃ রাস্তা (আংশিক), ২.৫ কিঃমিঃ বেড়িবাঁধ, ১২ টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৮ টি শিক্ষা প্রতিষ্ঠান, ১ টি মৎস্য খামার, ১৬ টি নলকূপ এবং ৩৭ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ১৮ টি গবাদি পশু মারা যায়। যার ফলে ১২০৭ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

তাহিরপুর সদর ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় তাহিরপুর উপজেলার তাহিরপুর সদর ইউনিয়নে ৬২ হেক্টর জমির ফসলাদি, ৬৮২ টি ঘরবাড়ি, ১৪ কিঃমিঃ রাস্তা (আংশিক), ৩.৫ কিঃমিঃ বেড়িবাঁধ, ৭ টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৬ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৫ টি মৎস্য খামার, ১৭ টি নলকূপ এবং ৪৫ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ২০ টি গবাদি পশু মারা যায়। যার ফলে ১৫০৭ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বড়দল দক্ষিণ ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় তাহিরপুর উপজেলার বড়দল দক্ষিণ ইউনিয়নে ৮৯ হেক্টর জমির ফসলাদি, ৭৯০ টি ঘরবাড়ি, ১০ কিঃমিঃ রাস্তা (আংশিক), ৭ কিঃমিঃ বেড়িবাঁধ, ৭ টি ধর্মীয় প্রতিষ্ঠান, ২ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৩ টি মৎস্য খামার, ৪ টি নলকূপ এবং ৫২ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, এই বন্যায় ১৪ টি গবাদি পশু মারা যায়। যার ফলে ১৬০২ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বড়দল উত্তর ইউনিয়ন

